

শিক্ষা প্রতিষ্ঠানে

সাপ্তাহিক ছুটি

031

অফিস-আদালত আর শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারীভাবে সপ্তাহে ২ দিন বন্ধ রাখা হয়েছে। অফিস-আদালতের সাথে সাথে শিক্ষা প্রতিষ্ঠানগুলিও সপ্তাহে ২ দিন বন্ধ রাখার কোন সার্থকতা আছে বলে মনে হয় না। অহেতুক ১টি দিন বেশি বন্ধ রাখা ছাত্র-ছাত্রীদের পড়াশোনা থেকে বিরত রাখারই সম্মিল।

অধিকাংশ অবুর হেলে-মের পড়া-লেখার প্রতি ভাষণভাবে অনন্যোযোগী, এরা পিতা-মাতা কিংবা শিক্ষকদের ফাঁকি দিতে বেশী পটু। তার উপর সপ্তাহে ২ দিন বন্ধ পেলে এরা পড়া-শোনার প্রতি আরো উদাসীন হয়ে পড়বে। এমনি-তেই তো বছরে এদের ৭/৮ মাস ঠিকভাবে স্কাস হয় কি না সন্দেহ। রমজান উপলক্ষে দীর্ঘদিন বন্ধ থাকে তারপর গণশিক্ষালীন বন্ধ, পূজা-পার্বনে বন্ধ, পরীক্ষা শেষে বন্ধ এবং এমনি ধরনের নানা উপলক্ষে ও যে কোন সমান্য কারণেও শিক্ষাপ্রতিষ্ঠান প্রায়ই বন্ধ থাকে। আর এটা হয় বিশেষ করে প্রাথমিক কিংবা মাধ্যমিক বিদ্যালয়গুলিতে। ফলে ছাত্র-ছাত্রীদের পড়া-শোনার যথেষ্ট ব্যাঘাত ঘটে।

শিক্ষাপ্রতিষ্ঠানের মতো অফিস-আদালত কিংবা অন্য কোন প্রতিষ্ঠান এভাবে বন্ধ রাখা হয় না। তাই অফিস-আদালতের সঙ্গে মিল রেখে শিক্ষামূলক প্রতিষ্ঠানগুলোকে সপ্তাহে ২ দিন বন্ধ ঘোষণা করার কোন যৌক্তিকতা নেই। শিক্ষার মান উন্নয়নের প্রতি সরকার যখন যথেষ্ট দৃষ্টি দিয়েছেন, তখন ছাত্র-ছাত্রীদের নিরামিত পড়া-শোনার ব্যাঘাত ঘটতে দেয়া কিছতেই সম্মত হতে হবে না। তাই অন্তত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে সপ্তাহে দুই দিনের পরিবর্তে ১ দিন বন্ধ ঘোষণা করার জন্য সরকারের কাছে আবেদন জানাচিত্ত।

বেগম মমতাজ হোসেন
১৩১২ নং মিন্স্ট্রীপাড়া,
হাজী ফেরদৌসের বাড়ি
দেওয়ানহাট,
চট্টগ্রাম।